

তাৰিখ ... 25 NOV 1995

পৃষ্ঠা নং কলাম নং ১

৪২

শিক্ষা বোর্ড কর্মচারীদের ধর্মঘট নিরসনে আলোচনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

৪টি শিক্ষা বোর্ড কর্মচারীদের অবিরাম ধর্মঘট নিরসনকলে গতকাল রোববার কর্মচারী ইউনিয়নের নেতৃত্বস্থের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এ বৈঠকে শিক্ষা সচিব, মুগ্ধ সচিব, উপসচিব ও সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত ছিলেন। কর্মচারী নেতৃত্বস্থের মধ্যে ৪ বোর্ডের কর্মচারী ইউনিয়ন সভাপতি ও সাধারণ সম্পাদক এবং কর্মচারী ফেডেরেশনের সভাপতি ও সাধারণ সম্পাদকগণ উপস্থিত ছিলেন।

বৈঠকে কম্পিউটার সেন্টার স্বত্ব বোর্ডে স্থানান্তরের বিষয়টি পর্যালোচনা করা এবং কিভাবে এ সমস্যার সমাধান করা যায় তা বিভিন্ন দেখার জন্য একটি কমিটি গঠন করার প্রস্তাৱ দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সেই সাথে কম্পিউটার ক্লয়ে অনিয়ম ও দুর্ব্লীলির বিষয়টি তদন্তের জন্য আবেক্ষণ্য তদন্ত কমিটি গঠন করার আগ্রহ প্রদান করা হয়েছে।

কর্মচারী নেতৃত্বস্থ জানিয়েছেন, তারা এই প্রস্তাৱের পক্ষে বোর্ডের সাধারণ

কর্মচারীদের মতামত গ্রহণ করে ২৮শে নভেম্বর সিদ্ধান্ত জানাবেন। এ সময়ের মধ্যে ধর্মঘট চলতে থাকবে। গতকাল সকাল ১০টা থেকে বেলা দেড়টা, পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সঞ্চলন কক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

এ বিষয়ে ঢাকা বোর্ডের চেয়ারম্যান ময়েজউদ্দিন আহমেদ গতকাল রাতে 'সংবাদ'কে বলেন, বৈঠক ফলপ্রসূ হয়েছে। কম্পিউটার সেন্টার স্বত্ব বোর্ড স্থানান্তরের বিষয়টি পর্যালোচনার জন্য একটি কমিটি গঠন করে দেয়ার সিদ্ধান্ত হয়েছে। এই কমিটির রিপোর্টের ভিত্তিতে কার্যকর ব্যবস্থা নেয়া হবে। তবে কর্মচারী নেতৃত্বস্থ ২৬শে নভেম্বর পর্যন্ত সময় দেয়েছেন সিদ্ধান্ত জানাবার জন্য।

আত্মশিক্ষা বোর্ড কর্মচারী ফেডেরেশনের সভাপতি আমজাদ হোসেন বকশি গতকাল রাতে 'সংবাদ'কে বলেন, বৈঠকে স্থোয়জনক আগ্রহ-আলোচনা হয়েছে।

তিনি বলেন, আগামী ২৬শে নভেম্বর কর্মচারীদের সাধারণ সভা করে মতামত গ্রহণ করা হবে এবং ২৮শে নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়কে জানিয়ে দেয়া হবে। তবে এ সময় ধর্মঘট চলতে থাকবে।